

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৬/১২০১

তারিখ : ১২ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১৯ খ্রি.

নিয়োগপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০খ্রিঃ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ নম্বর পরিপত্র এর আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২/০২/২০১৭খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১. ০০.০০. ০২০.২০১৩-৩৪ নম্বর স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/১১/২০১৭ খ্রি.তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১৫.১৭-২৫৪ নম্বর স্মারকে ছাড়পত্রের মেয়াদ ৩০/০৬/২০১৮ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৪/০৬/২০১৮ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১৪.১৭-২৩৩ নম্বর স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২১/০৯/২০১৭ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৭/২৬৫২ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয় এবং তৎপ্রেক্ষিতে তদানুযায়ী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিয়োগ/বাছাই কমিটির (DPC) ১১/০৪/২০১৯ খ্রিঃ তারিখের সভার সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে “উচ্চমান সহকারী” পদে জাতীয় বেতন স্কেল’ ২০১৫ এর ১৪তম গ্রেড ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রমে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে শর্তস্বাপেক্ষে শূন্য পদে নিয়োগ প্রদান করা হ’ল :


ক্রঃ নং	রোল নম্বর	নাম, পিতা / স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	যোগদানের স্থান
১.	১৮১২৩০৯৪	অর্নব হালদার পিতা-অজিত হালদার	গ্রাম: বানরগাতি, ডাকঘর: খুলনা উপজেলা: সোনাডাংগা, জেলা: খুলনা।	এমসিএইচ-সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।

শর্তাবলী :

- ১। তাঁর নিজের ব্যবস্থায়ীনে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক উপযুক্ততা সম্পর্কিত সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন।
- ২। যোগদানের সময় ০৪(চার) সেট পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক যোগদানপত্র গ্রহণকারী কর্তৃকর্তার নিকট দাখিল করতে হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট না পাওয়া পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন মঞ্জুর ও চাকুরি স্থায়ী করা যাবে না।
- ৩। চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য তিনি শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরী বিলোপ ঘটাতে পারবেন।
- ৫। চাকুরিতে যোগদানের সময় তাঁর শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- ৬। সরকারি নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
- ৭। স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গড়মিল প্রমাণিত হলে কিংবা কোন অসত্য তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হয়েছেন মর্মে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৮। আবেদনকালে ও মৌখিক পরীক্ষার সময় এবং যোগদানকালীন সময়ে জমা দেয়া কাগজপত্রে কোন গড়মিল অথবা অসত্য তথ্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৯। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ১০। পদায়নকৃত কর্মস্থলে কমপক্ষে ০২ (দুই) বছর চাকুরি করতে হবে।
- ১১। তাঁর চাকুরী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন সারাদেশে যে কোন প্রতিষ্ঠানে বদলিযোগ্য।
- ১২। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ১৬/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলের সংশ্লিষ্ট ইউনিটের পরিচালক বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৩। নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকুরিতে যোগদানকালে যোগদানকারীর বয়স সরকারি চাকুরিতে যোগদানের সর্বোচ্চ বয়সসীমা অতিক্রম করলে অতিরিক্ত বয়স “Ministry of Cabinet Affairs, Establishment Division Section-ED/JV এর ২১/১২/১৯৭৪ খ্রি. তারিখের ED/JV-৩৪/৭৪-২০ নম্বর স্মারক” মোতাবেক প্রমার্জিত বলে গণ্য হবে।
- ১৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাদ্বারা নির্ধারিত রাজস্ব বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।




চলমান পাতা-০২


২৫/০৪/২০১৯



- ১৫। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৬। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।
মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।


২৫/০৪/২০১৯

(মোঃ রমজান আলী)

যুগ্ম সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও

পরিচালক (প্রশাসন)



স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৬/১২০১(২০)

তারিখ : ১২ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ----- এ অধিদপ্তর।
৪। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), এ অধিদপ্তর, -----জেলা। নবযোগদানকৃত কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম যথাশীঘ্র সম্ভব সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রাপ্ত পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদনের একটি সত্যায়িত কপি পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবেন।
৫। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),বিভাগ।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহানিয়ন্ত্রক ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয় (সকল) ----- জেলা।
৮। সিনিয়র এসাইনমেন্ট অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, টিম-১০ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
১১। জনাব অর্নব হালদার, পিতা-অজিত হালদার, গ্রাম: বানরগাতি, ডাকঘর: খুলনা, উপজেলা: সোনাডাংগা, জেলা: খুলনা।
১২। অফিস কপি।



২৫/০৪/২০১৯

(মোঃ ইফতেখার রহমান)

উপপরিচালক (পার্সোনেল)

ফোন : ০২-৫৮১৫৬৬৮৬।

